

# ফড়িংবাৰুৰ বিয়ে

যোগীন্দ্রনাথ সরকার

আঁকা মযুখ ঘোষ





# ফড়িংবাবুর বিয়ে



যোগীন্দ্রনাথ সরকার  
আঁকা: মযুখ ঘোষ



ফড়িংবাবু, বিয়ে!

ফড়িংবাবু, বিয়ে!  
টিকটিকিতে ঢোলক বাজায়,  
ধূচনি মাথায় দিয়ে!  
বেয়ারা হলো তেলাপোকা  
পালকি কাঁধে নিয়ে!




mg '21



দেখতে এলো সেজেগুজে,  
পিঁপড়েরা মায়ে-ঝিয়ে।  
আরে, ফড়িংবাবুর বিয়ে!  
ফড়িংবাবুর বিয়ে!



ঘাসের পাতা লুচি হলো?  
ভাজা শিশির-ঘিয়ে!





দই সন্দেশ তৈয়ার হলো  
মাটিতে জল দিয়ে!





ব্যাঙের ছাতার নীচে সবে  
খেতে বসলো গিয়ে!  
আরে, ফড়িংবাবুর বিয়ে!





টুনি নাচে টুপি এঁটে,  
নেংটি ইঁদুর দামা পেটে  
হেলিয়ে দুলিয়ে!  
আরে, ফড়িংবাবুর বিয়ে!



## ফড়িংবাবুর বিয়ে

Phoringbabur Biye

লেখা: যোগীন্দ্রনাথ সরকার


আঁকা: ময়ুখ ঘোষ

ডিসাইন: কনক শশী

সম্পাদনা ও সংযোজন: ভাবুক ফাউন্ডেশন (Bhabook Foundation)

সম্পাদকীয় সহযোগিতা: টুলটুল বিশ্বাস, বংসী শর্মা

উৎপাদন সহযোগিতা: ইন্দু নায়ার, কমলেশ যাদব, মোহাম্মদ খিজার



একলব্য ফাউন্ডেশন, মার্চ 2024

ছবি: ময়ুখ ঘোষ, মার্চ 2024

এই বইটি ত্রিয়েটিভ কম্পনি লাইসেন্সের অ্যাট্রিবিউশন-নন-কমার্শিয়াল-নো ডেরিভেটিভস 4.0 ইন্টারন্যাশনাল (CC BY-NC-ND) এর অধীনে পড়ে। এর সম্পূর্ণ বিবরণ নীচের লিঙ্ক-এ পাওয়া যাবে - <https://creativecommons.org/licenses/by-nc-nd/4.0/>।  
লেখক, চিত্রশিল্পী ও প্রকাশকের তথ্যসহ আ-বাণিজ্যিক উদ্দেশ্যে কোনো পরিবর্তন ছাড়া বাংলা বইটির লেখা এবং ছবি কপি এবং বিতরণ করা যাবে। অন্য কোনো অনুমতির জন্য, প্রকাশক বা প্রকাশকের মাধ্যমে চিত্রশিল্পীর সাথে যোগাযোগ করতে হবে।

প্রথম সংস্করণ: মার্চ 2024 (1000 কপি)

কাগজ: 100 gsm ম্যাপলিথো এবং 220 gsm পেপার বোর্ড (প্রাচ্ছদ)

ISBN: 978-81-19771-86-8

মূল্য: ₹ 45.00



দুরবীন, এইচ টি পারেখ ফাউন্ডেশন  
(H T Parekh Foundation) -এর আর্থিক সহায়তায় প্রকাশিত।

প্রকাশক:

একলব্য ফাউন্ডেশন (Eklavya Foundation)

জামনালাল বাজাজ পরিসর, জাটখেড়ী,

ভোপাল – 462 026 (মধ্য)

ফোন: +91 755 297770-71-72

[www.eklavya.in](http://www.eklavya.in)

সম্পাদনা ও সংযোজনা:

ভাবুক ফাউন্ডেশন (Bhabook Foundation)

কৃষ্ণ নেটওর্ক, ঢয় তল, ফ্লাট নং – 302,

কালিপার্ক, রাজারহাট, 24 পরগনা (উ), পশ্চিমবঙ্গ,

কলকাতা – 700 136

ফোন: +91 70447 05339

মুদ্রণ: আর কে সেকুশন্ট প্রাইভেট লিমিটেড, ভোপাল, +91 755 268 7589





### যোগীন্দ্রনাথ সরকার

যোগীন্দ্রনাথ সরকার (১৮৬৬-১৯৩৭ খ্রিষ্টাব্দ) ছিলেন একজন প্রখ্যাত ভারতীয় বাঙালি শিশুসাহিত্যিক। বাংলা ভাষায় ছবির মাধ্যমে অক্ষর পরিচয় তৈরির করার উদ্দেশ্যে ছড়া ও শিশুসাহিত্য রচনার পথিকৃৎ ছিলেন তিনি। ছোটোদের জন্য আজগুবি ছড়া ও প্রাসঙ্গিক ছবি তাঁর অসাধারণ সৃষ্টি। তাঁর রচিত ‘খুকুমণির ছড়া’ বাংলা লৌকিক ছড়ার চমৎকার সংকলন। তবে ‘হাসিখুশি’ বইটি তাঁকে শিশুসাহিত্যে বিশেষ পরিচিতি দিয়েছে। তিনি বাংলা শিশুসাহিত্যের অন্যতম শ্রেষ্ঠ ছড়াকার হিসেবে পরিচিত।



### মযুখ ঘোষ

কলকাতাবাসী মযুখ ঘোষ ঘুরে বেড়াতে পছন্দ করেন। এই সময় তাঁর আঁকার খাতা সবসময় তাঁর সাথে থাকে। তিনি মহারাজা সায়াজি রাও বিশ্ববিদ্যালয় থেকে ভিজ্যুয়াল আর্টস-এ স্নাতক। রিয়াজ একাডেমি, ভোপাল থেকে ইলাস্ট্রেশন বিষয়ে পড়াশোনা করেছেন। একলব্য, রুম টু রিড, এনসিইআরটি, কারাড়ি টেলস এবং মনন বুক্স-এর মতো প্রকাশনা সংস্থার সাথে নিয়মিত কাজ করেন।



ফড়িংবাবুর বিয়ে। চারিদিকে হৈ চৈ,  
তাক-তোলে বাদ্যি বাজছে। নেমন্তন  
খেতে এসেছে অনেকে। কিন্তু কারা  
এলো সেই বিয়েতে যোগ দিতে?  
ভোজের খাবার কী ছিল? এই রঙীন  
ছবির মজার বইটা পড়লেই জানতে  
পারবে সব খবর।



eklavya

তুহু been  
Read Imagine Explore  
AN INITIATIVE OF HT PAREKH FOUNDATION

মূল্য: ₹ 45.00

